

নিয়োগ বিজ্ঞপ্তি:

তৃণমূল উন্নয়ন সংস্থা (টিইউএস), খাগড়াছড়ি পার্বত্য জেলার একটি স্থানীয় এনজিও, মানুষের জন্য ফাউন্ডেশন(এমজেএফ) এর কারিগরী সহযোগিতায় ও ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে লক্ষীছড়ি উপজেলায় দারিদ্রতা হ্রাস এবং অতি দরিদ্র পরিবারের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য “পার্টনারশীপ ফর রিজিলিয়েন্ট লাইভলিহুড ইন সিএইচটি রিজিওন” শীর্ষক ৩৮ মাস মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে খাগড়াছড়ি পার্বত্যজেলার স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: প্যারামেডিক (০১টি পদ)।

পদের গ্রেড/লেবেল: সি

চুক্তির ধরণ: ফিল্ড (প্রকল্প মেয়াদ)।

চাকরী স্থান: শাখা অফিস, তৃণমূল উন্নয়ন সংস্থা, লক্ষীছড়ি উপজেলা।

রিপোর্ট টু: প্রকল্প সমন্বয়কারী

বেতন ও ভাতাদি: অনুমোদিত প্রকল্পের বাজেট অনুযায়ী।

প্রকল্পের মেয়াদ: ২৪ সেপ্টেম্বর ২০২৩ হতে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত।

অভিজ্ঞতা: ন্যূনতম ০৩ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (MATS)/ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)/সমমানের ডিপ্লোমা পাশ।

অন্যান্য দক্ষতা:

- কম্পিউটারে এমএসওয়ার্ড ও এমএস-এক্সেলে পারদর্শী হতে হবে।
- স্মার্টফোন/ট্যাবলেটে ও ইন্টারনেট ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
- প্রতিবেদন তৈরী করার দক্ষতা থাকতে হবে।
- শারীরিক সক্ষমতা এবং দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- কমিউনিটিদের সাথে সুসম্পর্ক ও যোগাযোগ স্থাপনের জন্য স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

দায়িত্ব ও কর্তব্য:

প্যারামেডিক এর দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপ:

- ১) মাতৃদুগ্ধ পান, স্বাস্থ্যসেবা গ্রহণ, পুষ্টির গুরুত্ব, পুষ্টিগুণ সম্পন্ন খাদ্য গ্রহণ, ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়ে এলাকায় প্রচারণা এবং এলাকার লোকজনদের একক কাউন্সেলিং বা দলীয় কাউন্সেলিং-এর মাধ্যমে তাদের সচেতনতা বৃদ্ধি করা।
- ২) উপজেলা পুষ্টি কমিটি, জেলা পুষ্টি কমিটিসহ, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন পর্যায়ের পুষ্টি কমিটিদের সাথে পুষ্টি বিষয়ক কার্যক্রমগুলোর সক্রিয় করার লক্ষ্যে নিয়মিত আলোচনা সভা আয়োজন করা।
- ৩) এলাকার লোকজন যাতে যে কোনো প্রকারের স্বাস্থ্য সমস্যায় নিকটস্থ স্বাস্থ্যসেবা কেন্দ্র হতে সেবা গ্রহণ করে সেই বিষয়ে তাদের উদ্বুদ্ধ করার পাশাপাশি এই বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।
- ৪) এলাকার লোকজন অসুস্থ হলে নিকটবর্তী স্বাস্থ্যসেবা কেন্দ্রে রেফার করা।
- ৫) গ্রাম পর্যায়ে এলাকার লোকজনদেরকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা।
- ৬) কমিউনিটি নিউট্রিশন হেলথ প্রমোটর এবং পুষ্টি আপাকে গুরুতর তীব্র অপুষ্টি (SAM) এবং মাঝারি তীব্র অপুষ্টি (MAM) শিকার শিশুদের সনাক্ত করতে সহযোগীতা প্রদান করা।
- ৭) জেলা ও উপজেলা পুষ্টি কমিটির সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা।



- ৮) উপজেলা স্বাস্থ্য কম্প্লেক্স ও অন্যান্য সরকারী বিভাগদের সাথে লিয়াঁজো রক্ষা/তৈরী করা।
- ৯) যেসব রোগীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে এবং যাদেরকে নিকটবর্তী কমিউনিটি ক্লিনিকে রেফার করা হয়েছে সেসব রোগীদের রেকর্ড রাখা।
- ১০) স্থানীয় কমিউনিটি ক্লিনিক-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং কমিটির সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা।
- ১১) গ্রাম পর্যায়ে হেল্থ ক্যাম্প পরিচালনা করতে এলাকার মানুষের সাথে যোগাযোগ এবং আয়োজন করা।
- ১২) কমিউনিটি নিউট্রিশন হেল্থ প্রমোটরদের তদারকি করা ও তাদের প্রতিবেদনগুলো কম্পাইল করা।
- ১৩) নিয়মিতভাবে কর্ম এলাকায় প্রকল্প কার্যক্রমের গুণগত মান জানার জন্য বিভিন্ন কার্যক্রম নিয়মিতভাবে পরিদর্শন করা।
- ১৪) মাসিক কর্ম-পরিকল্পনা তৈরী করা।
- ১৫) পরিদর্শন ও ইভেন্ট প্রতিবেদন তৈরী করা।
- ১৬) মাসিক, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিকী এবং বাৎসরিক প্রতিবেদন তৈরী করা।
- ১৭) সুপারভাইজার কর্তৃক অর্পিত যে কোন ধরনের কাজ সম্পাদন করা।

উপরোক্ত পদের জন্য আবেদন করতে হলে অনুগ্রহ করে আপনার আবেদনপত্রটি জীবনবৃত্তান্ত, ১কপি পিপি সাইজের রঙিন ছবি, সকল একাডেমিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সার্কেল চীফের সনদপত্র, ইউনিয়ন পরিষদের সনদপত্রের ফটোকপিসহ আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় জমা দিন বা প্রেরণ করুন: বরাবর, আহ্বায়ক, নিয়োগ কমিটি, তৃণমূল উন্নয়ন সংস্থা, মারমা সংসদ ভবন (২য় তলা), খাগড়াছড়ি পার্বত্য জেলা। খামের উপর প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের নাম উল্লেখ করতে হবে।

সংক্ষিপ্ত তালিকা আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৪.৩০ ঘটিকায় তৃণমূল উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.trinamulchtd.org) প্রকাশ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাজুক্ত প্রার্থীদের আগামী ২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ইন্টারভিউ সেশনে অংশগ্রহণের জন্য সংস্থা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করবে না।

নারী ও প্রতিবন্ধি প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

বিশেষ দৃষ্টব্য: কোন প্রার্থী নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ বা প্রভাবিত করার চেষ্টা করলে তার প্রার্থীতা অযোগ্য বলে বিবেচনা করা হবে। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত, পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

আহ্বায়ক
নিয়োগ কমিটি
তৃণমূল উন্নয়ন সংস্থা